

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
১৬, আব্দুল গনি রোড, ঢাকা- ১০০০।
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.১০০.৩১.০০৮.১১. ৫৩ (১৪)

তারিখ: ০২/০৬/২০১৬

বিষয়ঃ খাদ্য অধিদপ্তরের সকল শ্রেণীর কর্মকর্তা/কর্মচারীর তথ্যের ডাটাবেজের বদলী/যোগদানের তথ্য হালনাগাদ ও প্রতিবেদন প্রেরণ।
সূত্রঃ অত্র দপ্তরের ১৩/১০/২০১৫ তারিখের ৩৪০নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরে কর্মরত সকল জনবলের তথ্য সফটওয়্যারে এন্ট্রিপূর্বক তাদের বদলী/যোগদানের তথ্য এন্ট্রি/হালনাগাদ করে জনবলের সঠিক তথ্যের বিবরণী ছক-১ ও ছক-২ পূরণ পূর্বক প্রতিমাসের মাসের ০৭ তারিখের মধ্যে পত্র মারফত হার্ডকপি ও ই-মেইলে সফটকপি (soft@dgfood.gov.bd) প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। আঞ্চলিক কার্যালয়, ঢাকা ও চট্টগ্রাম (সকল জেখানি, উখানি, এলএসডি, সিএসডি, সাইলোসহ) ব্যতীত অন্যান্য আঞ্চলিক কার্যালয় হতে মার্চ ও এপ্রিল মাসের তথ্য পাওয়া যায়নি। ফলে এ সম্পর্কিত প্রতিবেদন তৈরী করা যাচ্ছে না। ইতোমধ্যে যে সকল দপ্তর তথ্য প্রেরণ করেছেন তাদের অনেকেরই তথ্যে যেমন- সাইলো কার্যালয়, আঞ্চলিক কার্যালয়, ঢাকা রেশনিং, জেলা কার্যালয়, উপজেলা কার্যালয়, এলএসডি, সিএসডিতে কর্মরত জনবল ও ডাটাবেজের জনবলের মধ্যে গড়মিল দেখা যায়। এমতাবস্থায়, নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো:

(১) সাইলো কার্যালয়, ঢাকা রেশনিং ও সকল আঞ্চলিক কার্যালয়, অধিনস্থ সকল জেলা কার্যালয়, সিএসডি, সিএমএস, এলএসডি সহ অন্যান্য সকল কার্যালয় হতে নিম্নোক্ত সংশোধিত ছক ভিত্তিক তথ্য সংগ্রহ করে তথ্য ছক অনুযায়ী প্রতি মাসের ০৭ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

ছক-১

| ক্রঃ নং | কার্যালয়ের নাম | মঞ্জুরীকৃত জনবল | | | | | শূণ্য পদ | | | | | কর্মরত জনবল | | | | | সফটওয়্যারে এন্ট্রিকৃত জনবল | | | | |
|------------|--------------------|-----------------|---------|---------|---------|-----|----------|---------|---------|---------|-----|-------------|---------|---------|---------|-----|-----------------------------|---------|---------|---------|-----|
| | | ক্লাস-১ | ক্লাস-২ | ক্লাস-৩ | ক্লাস-৪ | মোট | ক্লাস-১ | ক্লাস-২ | ক্লাস-৩ | ক্লাস-৪ | মোট | ক্লাস-১ | ক্লাস-২ | ক্লাস-৩ | ক্লাস-৪ | মোট | ক্লাস-১ | ক্লাস-২ | ক্লাস-৩ | ক্লাস-৪ | মোট |

ছক-২

| ক্রঃ নং | কার্যালয়ের নাম | পদের নাম | মঞ্জুরীকৃত জনবল | | | | | শূণ্য পদ | | | | | কর্মরত জনবল | | | | | সফটওয়্যারে এন্ট্রিকৃত জনবল | | | | |
|------------|--------------------|-------------|-----------------|---------|---------|---------|-----|----------|---------|---------|---------|-----|-------------|---------|---------|---------|-----|-----------------------------|---------|---------|---------|-----|
| | | | ক্লাস-১ | ক্লাস-২ | ক্লাস-৩ | ক্লাস-৪ | মোট | ক্লাস-১ | ক্লাস-২ | ক্লাস-৩ | ক্লাস-৪ | মোট | ক্লাস-১ | ক্লাস-২ | ক্লাস-৩ | ক্লাস-৪ | মোট | ক্লাস-১ | ক্লাস-২ | ক্লাস-৩ | ক্লাস-৪ | মোট |

উল্লেখ যে, কুমিল্লা জেলার নমুনা ছকের সফটকপি ই-মেইল এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে এবং খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইট (www.dgfood.gov.bd) থেকে ডাউনলোড করা যাবে। ছক-১ ও ছক-২-এ ফরমেট ঠিক রেখে স্ব-স্ব অফিসের প্রয়োজন মতো সংশোধন করতে পারবেন। সংশোধনের ক্ষেত্রে (ক) নতুন কোন উপজেলা/এলএসডির তথ্য এন্ট্রির প্রয়োজনে একটি উপজেলায় সকল পদ নিয়ে উপজেলা/এলএসডির অংশটুকু অন্তর্ভুক্ত করতে হবে। (খ) কোন পদে মঞ্জুরীকৃত/কর্মরত না থাকলে ঐ পদের তথ্য খালি রাখতে হবে, পদটি মুছে ফেলা যাবে না।

(২) বদলী/যোগদানের তথ্য হালনাগাদ করতে হবে। যেমন বদলীর ক্ষেত্রে PMIS সফটওয়্যারে বদলীর তথ্য সংশোধন করে Transfer করা এবং যোগদানকৃত কার্যালয় Transfer-এর মাধ্যমে প্রাপ্ত তথ্যসমূহ হালনাগাদ করবে।

(৩) সকল কর্মকর্তা/কর্মচারীর বর্তমান কর্মরত পদে পদোন্নতি প্রাপ্ত না সরাসরি নিয়োগ প্রাপ্ত সেই তথ্যের জন্য General Information-এ Present Position-এর তালিকা থেকে By recruitment বা Promotion নির্বাচন করতে হবে।

(৪) Education Qualification- সকলের শিক্ষাগত যোগ্যতার তথ্য এন্ট্রি করতে হবে।

(৫) যে সকল কর্মকর্তা/কর্মচারীর তথ্য এখনও এন্ট্রি হয়নি তা স্বলতম সময়ের মধ্যে এন্ট্রি করতে হবে। তবে বদলীকৃত যোগদানের ক্ষেত্রে ক্রমিক (২) অনুসরণ করতে হবে।

(৬) Present Actual Designation-এ Designation নির্বাচন করার পর ডান পাশের তালিকা থেকে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী OC LSD বা SMO হলে তা নির্বাচন করতে হবে অন্যান্য ক্ষেত্রে others নির্বাচন করতে হবে।

(৭) Posting Records- সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর Posting Record -এর তথ্য এন্ট্রি করতে হবে।

বিষয়টি জরুরী বিবেচ্য।

০২/০৬/১৬
(মঞ্জুর আলম)
সিস্টেম এনালিস্ট
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-৭১১০৬৯৮
sys@dgfood.gov.bd

বিতরণঃ

- ১। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। জরুরীভিত্তিতে বার্তাটি ফ্যাক্সযোগে প্রেরণের অনুরোধ সহ।
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট।
- ৩। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
- ৪। সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ/চট্টগ্রাম/আশুগঞ্জ/সাত্তাহার/খুলনা স্টীল সাইলো, খুলনা।

স্মারক নং- ১৩.০১.০০০০.১০০.৩১.০০৮.১১.

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক (প্রশাসন), খাদ্য অধিদপ্তর, ঢাকা।

তারিখ: ০২/০৬/২০১৬

(সিস্টেম এনালিস্ট)
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট